

## ঃ বিআরটিএ'র বিজ্ঞপ্তি ঃ

### ঃ ট্রান্সপোর্ট ভেইকেল চালানোর অথরাইজেশন গ্রহণ প্রসংগে ঃ

ট্রান্সপোর্ট ভেইকেল (পাবলিক সার্ভিস ভিকেইল, প্রাইভেট সার্ভিস ভেইকেল, বাস, মালবাহী মোটরযান ইত্যাদি) চালনার জন্য যে সকল চালক পেশাদার ড্রাইভিং লাইসেন্স গ্রহণ করেছেন, তাদেরকে আগামী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে মোটরযান বিধিমালা, ১৯৮৪ এর ৫ নং বিধি অনুযায়ী স্ব-স্ব এলাকার ট্রান্সপোর্ট কমিটি (আরটিসি)/লাইসেন্সিং কর্তৃপক্ষ বিআরটিএ-এর নিকট থেকে ট্রান্সপোর্ট ভেইকেল চালানোর অনুমতি (মোটরযান অধ্যাদেশ ১৯৮৩ এর প্রথম তফশীলে বর্ণিত ফরম ডি অনুযায়ী) গ্রহণের জন্য অনুরোধ করা হলো। এছাড়া ট্রান্সপোর্ট ভেইকেল চালানোর অথরাইজেশন প্রাপ্তির পর যে সকল পেশাদার চালক পাবলিক সার্ভিস ভেইকেল (ভাড়ায় চালিত মোটর ক্যাব, বাস, মিনিবাস ইত্যাদি) চালনা করবেন, তাদেরকে আগামী ৪৫ (পঁয়তালিশ) দিনের মধ্যে মোটরযান বিধিমালা, ১৯৪০ এর ৯৭ নং বিধি অনুযায়ী পাবলিক সার্ভিস ভেইকেল ড্রাইভার্স ব্যাজ (পি এস ভি ব্যাজ) গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

এ ছাড়া পাবলিক সার্ভিস ভেইকেলের সাথে সংশ্লিষ্ট চালক/কন্ডাকটরকে মোটরযান বিধিমালা, ১৯৪০ এর ৯১ নং বিধি অনুযায়ী দায়িত্ব পালনের জন্য অনুরোধ করা যাচ্ছে।

পরিচালক (ইঞ্জিনিয়ারিং)  
বিআরটিএ